

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৯

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৬৬. তায়াম্মুম এক বার করে (মাসেহ করা)

بَابُ التَّيمُّمِ مرَّةً

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّهَا اسْتَعَارَتْ قِلَادَةً مِنْ أَسْمَاءَ فَهَلَكَتْ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَاسًا مِنْ أَصْحَابِهِ فِي طَلَبِهَا فَأَدْرَكَتْهُمْ الصَّلَاةُ فَصَلَّوْا مِنْ غَيْرِ وُضُوءٍ فَلَمَّا أَتَوْا النَّبِيَّ صَلَّى اللَّهُ أَصْحَابِهِ فِي طَلَبِهَا فَأَدْرَكَتْهُمْ الصَّلَاةُ فَصَلَّوْا مِنْ غَيْرِ وُضُوءٍ فَلَمَّا أَتَوْا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَكَوْا ذَلِكَ إِلَيْهِ فَنَزَلَتْ آيَةُ التَّيَمُّمِ فَقَالَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ جَزَاكِ اللَّهُ خَيْرًا عَلَيْهِ وَسَلَّمَ مَا نَزَلَ بِكِ أَمْرٌ قَطُّ إِلَّا جَعَلَ اللَّهُ لَكِ مِنْهُ مَحْرَجًا وَجَعَلَ لِلْمُسْلِمِينَ فِيهِ بَرَكَةً إَسناده صحيح

বাংলা

৭৬৯. আয়িশাহ রাদ্বিয়াল্লাভ্ আনহা হতে বর্ণিত, তিনি আসমা রাদ্বিয়াল্লাভ্ আনহা'র নিকট হতে একটি গলার হার ধার করেছিলেন। (পাথিমধ্যে) সেটি হারিয়ে গেলো। ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম কয়েকজন সাহাবীকে সেটির খোঁজে পাঠালেন। যখন সালাতের সময় হলো, তখন তারা ওয়ু ছাড়াই সালাত আদায় কয়লেন। যখন তারা নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লামের নিকট ফিরে এলেন, তখন তারা এ ব্যাপারে তাঁর নিকট অভিযোগ পেশ কয়লেন। তখন তায়াম্মুমের আয়াত নাঘিল হলো। তখন উসাইদ ইবনু ভ্যাইর (আয়েশা রা: কেলক্ষ্য করে) বললেন: 'আল্লাহ আপনাকে উত্তম বিনিময় দান কয়নন।' কেননা, আল্লাহর কসম! আপনি যখনি কোনো (অপছন্দনীয়) অবস্থায় পড়েছেন, তখনই আল্লাহ আপনাকে তা থেকে মুক্তির পথ বের করে দিয়েছেন এবং সেই বিষয়টিতে মুসলিমগণের জন্য বরকত রেখেছেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ৩৩৪-৩৩৬; সহীহ মুসলিম ৩৬৭; আমরা এর পূর্ণ তাখরীজ করেছি সহীহ ইবনু হিব্বান নং



১७००, ১१०५।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন